# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

মান-৬০

*দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতি বিভাগ থেকে দুইটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।*

### ক বিভাগ — গদ্য

**প্রশ্ন-১.** তমাল তার দাদুর কাছে শুনেছে কালিদাসের 'মেঘদূত' কাব্যের কথা। জেনেছে এটি সংস্কৃত ভাষায় লিখিত। দাদু এ কাব্য থেকে দুটি শ্লোক আবৃত্তি করে শোনান তমালকে। সে তার একটি বর্ণও বুঝতে পারে না। তমাল অবাক হয়, বাংলা ও সংস্কৃত ভাষায় এত পার্থক্য! অথচ দাদু বলেন, সংস্কৃত থেকেই নাকি জন্ম হয়েছে বাংলা ভাষার।

ক. মধ্য ভারতীয় আর্যভাষা বলা হয় কাকে? ১

খ. বৈদিক ভাষা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সংস্কৃত ভাষার যে দুর্বোধ্যতার কথা বলা হয়েছে তা 'বাংলা ভাষার জন্মকথা' প্রবন্ধের সঙ্গে কতটা সংগতিপূর্ণ, বর্ণনা করো। ৩

ঘ. বাংলা ভাষার জন্মের ইতিহাস প্রসঙ্গে উদ্দীপকের দাদুর বক্তব্যের যথার্থতা তোমার পঠিত প্রবন্ধের আলোকে মূল্যায়ন করো। ৪

**প্রশ্ন-২.** ভারতের রাজস্থানের বিরূপ প্রকৃতি সম্পর্কে অনেক খবর পড়েছিল শুভ। তবুও রাজস্থানে তার যাওয়া চাই-ই-চাই। শেষমেশ বাবা তার জেদ পূরণ করলেন। পরীক্ষা শেষে তাকে নিয়ে গেলেন রাজস্থানে বেড়াতে। সেখানে গিয়ে তার চোখ তো ছানাবড়া! চারিদিকে বালি আর তার ভেতরে চড়ে বেড়াচ্ছে মরুভূমির জাহাজ উট। অতি উৎসাহ নিয়ে সে উটের পিঠে চড়ে বসল। এছাড়া রাতে সে রাজস্থানের মসলাযুক্ত খাবার খেল। ঘুমুতে যাওয়ার আগে সে উপভোগ করল রাজস্থানের বিখ্যাত নৃত্য ও সংগীত।

ক. মংডু বার্মার কোন দিকের শহর? ১

খ. লুঙ্গি কীভাবে বাংলাদেশে প্রবেশ করেছে? ২

গ. উদ্দীপকে শুভর দেখা রাজস্থানের অভিজ্ঞতার সঙ্গে 'মংডুর পথে' রচনায় লেখকের অভিজ্ঞতার তুলনা করো। ৩

ঘ. 'ভ্রমণপিপাসু মনই উদ্দীপকের শুভ ও 'মংডুর পথে' রচনার লেখককে অজানাকে জানতে প্রেরণা জুগিয়েছে' — তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দ্বারা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৩.**




ক. 'প্রহারেণ ধনঞ্জয়' কথাটির অর্থ কী? ১

খ. বাঙালির এই অভিশপ্তের জীবন কেন?— ব্যাখ্যা করো। ২

গ. বাঙালির বৈশিষ্ট্য উদ্দীপক ও 'বাঙালির বাংলা' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বাঙালির সামগ্রিক দিক উপস্থাপিত হয়েছে— 'বাঙালির বাংলা' প্রবন্ধের আলোকে মন্তব্যটির সত্যতা নিরূপণ করো। ৪

### খ বিভাগ — কবিতা

**প্রশ্ন-৪.** টেলিভিশন খুললেই দেখা যায়, অস্ট্রেলিয়ায় দাবানলে সমগ্র শহর হুমকির সম্মুখীন। থাইল্যান্ডে ৫০ বছরের ইতিহাসে নজিরবিহীন বন্যা দেখা দিয়েছে। হাইতির ভূমিকম্প ও ইন্দোনেশিয়ার সুনামির কথা স্মরণ করলে মানুষ আজও স্তম্ভিত হয়ে যায়। বাংলাদেশের ১৯৮৮, ১৯৯১ ও ২০০৮-এর প্রাকৃতিক দুর্যোগের ভয়াবহতার কথা স্মরণ করলেই মানুষের হৃদয় আজও হাহাকার করে ওঠে। যদি প্রাকৃতিক দুর্যোগের অভিশাপ থেকে বাঁচার পদক্ষেপ না নেওয়া হয়, তবে খুব শীঘ্রই পৃথিবী বসবাসের অনুপযোগী হবে।

ক. কবি সুফিয়া কামাল কাদের জাগরণ প্রত্যাশা করেন? ১

খ. মৌসুমি ফুলের গান কবির কণ্ঠে জাগে না কেন? ২

গ. উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগের সঙ্গে 'জাগো তবে অরণ্য কন্যারা' কবিতার প্রাকৃতিক দুর্যোগের সাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের দুর্যোগের অভিশাপ থেকে বাঁচার পদক্ষেপগুলোর দিকনির্দেশনা 'জাগো তবে অরণ্য কন্যারা' কবিতায় দেওয়া রয়েছে বলে কি তুমি মনে কর? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৫.** কিশোর অপু তার ছোট বোনকে নিয়ে বৈশাখী মেলায় যায়। বোনকে নিয়ে সে নাগরদোলায় উঠে এবং পুতুল নাচ দেখে। বোনের পছন্দমতো সবকিছু সে তাকে মেলা থেকে কিনে দেয়। টাকা ফুরিয়ে যাওয়ায় নিজের জন্যে তার কিছুই কেনা হলো না। কিন্তু তাতে সে অসুখী নয়, কারণ বোনের খুশিতেই তার খুশি। মানুষের ভিড়ে বোনকে হারিয়ে ফেলার ভয়ে অপু শক্ত করে বোনের হাত ধরে রাখে।

ক. 'নদীর স্বপ্ন' কবিতার কবি কে? ১

খ. 'নদীর স্বপ্ন' কবিতায় 'রান্নার কারসাজি' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'নদীর স্বপ্ন' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি কী 'নদীর স্বপ্ন' কবিতার সমগ্র ভাব প্রকাশ করে? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৬.** হিমাদ্রি চৌধুরী 'শীতল' হিমাগারের মালিক। তাঁর হিমাগারের প্রবেশপথে জনৈক চিত্তরঞ্জনের এক কাঠা পৈতৃক জমি রয়েছে। গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত বলে অনেকেই চিত্তরঞ্জনের জমিটি বেশি দাম দিয়ে কিনতে চেয়েছেন। কিন্তু অকৃতদার চিত্তরঞ্জন তা বিক্রি করতে রাজি হন নি। হিমাদ্রি চৌধুরী ভালো মানুষ। অনেকের প্ররোচনা সত্ত্বেও তিনি ঐ জমি কিনতে চান নি। বরং বাপ-দাদার স্মৃতি ধন্য ভিটে নষ্ট না করার জন্যে চিত্তরঞ্জনের প্রশংসা করেন হিমাদ্রি।

ক. হাটে-মাঠে-বাটে উপেনের কত বছর কাটে? ১

খ. 'করিল ডিক্রি, সকলি বিক্রি মিথ্যা দেনার খতে'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. চিত্তরঞ্জন চরিত্রে 'দুই বিঘা জমি' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের হিমাদ্রি চৌধুরী ও 'দুই বিঘা জমি' কবিতার ভূস্বামী কী বিপরীত মেরুর মানুষ? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

### গ বিভাগ — আনন্দপাঠ

**প্রশ্ন-৭.** কঠোর পরিশ্রমী যুবক সুলতান। একটি এনজিও থেকে গবাদি পশু পালনের উপর প্রশিক্ষণ নেয় সে। এনজিও থেকে ঋণ নিয়ে কয়েকটি গরু ও ছাগল কেনে সুলতান। দীর্ঘদিনের পরিশ্রমের ফলে সুলতান আজ বেশ কিছু নতুন জমির মালিক হয়েছে। এই নিয়েই সন্তুষ্ট ও সুখী সুলতান।

ক. ভলগা নদীতে স্টিমারে চড়ে কোথায় পৌঁছায় পাখোম? ১

খ. পাখোমের মৃত্যুর কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সুলতান এবং 'সাড়ে তিন হাত জমি' গল্পের পাখোমের কী কী মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'অল্পতে তুষ্ট থাকলেই সহজে সুখী হওয়া যায়।' উদ্দীপক এবং 'সাড়ে তিন হাত জমি' গল্প অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৮.** সুমন ও সজল খুব ভালো বন্ধু। একজন আরেকজনের সবরকম সমস্যায় এগিয়ে আসে। সজল একবার ভীষণ অসুস্থ হয়ে পড়ে। নিজের মোবাইল সেটটি বিক্রি করে টাকা জোগাড় করে সুমন তা সজলের দরিদ্র পিতার হাতে দেয়। মোবাইল সেট বিক্রির কথা জানতে পেরে সুমনের বাবা সুমনকে অনেক বকা দেন। স্বপন তবুও বন্ধুকে যে কোনো মূল্যে সাহায্য করার সিদ্ধান্তে অটল থাকে।

ক. মড়ার মাথার খুলি কোন পেটিকার ভেতরে ছিল? ১

খ. বাসানিওর আংটিটি পোর্শিয়ার কাছে গেল কীভাবে? ২

গ. উদ্দীপকের সুমনের সাথে 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের কোন চরিত্রের মিল লক্ষ্য করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "সুমন ও অ্যান্টনিও উভয়েই প্রকৃত বন্ধুত্বের পরিচয় দিয়েছে।"— উক্তিটি উদ্দীপক ও 'মার্চেন্ট অব ভেনিস' গল্প অবলম্বনে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৯.** চয়ন ডানপিটে। বনে বনে পাখি শিকারের ফাঁদ নিয়ে ঘুরে বেড়ায়। একদিন সে গহীন বনে ঢুকে বেরোবার পথ হারায়। নানারূপ কর্কশ শব্দ শুনে চয়ন ভয় পেল। রাতে গাছের ডালে বিছানা পাতল। বনের ফল খেয়ে থাকল। একবার একটি হিংস্র বাঘের মুখ থেকে নিজেকে রক্ষা করল। দীর্ঘ বনের মধ্যে আটকা থেকে মনের জোরে এবং বুদ্ধিবলে সেই অন্ধকারময় জগৎ থেকে চয়ন বাড়ি ফিরে এলো। এ ডানপিটে চয়নকে সবাই 'রবিনসন ক্রুশো' বলে ডাকে।

ক. রবিনসন ক্রুশো কোন শহরে জন্মগ্রহণ করেন? ১

খ. ফ্রাইডে তার মনিবকে মুগ্ধ করেছিল কীভাবে? ২

গ. উদ্দীপকটি কোন দিক দিয়ে 'রবিনসন ক্রুশো' গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ, ব্যাখ্যা করো। ৩

ঘ. 'এখন ডানপিটে চয়নকে সবাই রবিনসন ক্রুশো বলে ডাকে'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০

## বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ১ |

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. বাঙালির অবিসংবাদিত নেতা কে?
ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ হোসেন শহীদ সোহরাওয়ার্দি
গ মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
ঘ শেরে বাংলা এ কে ফজলুল হক

২. টম ক্যান্টির জন্ম হয় কোথায়?
ক বস্তিতে খ শহরে গ গ্রামে ঘ পাহাড়ে

৩. 'মানবধর্ম' কবিতার চরণ সংখ্যা কত?
ক দশটি খ বারোটি
গ চৌদ্দটি ঘ পনেরোটি

৪. হিমালয়ের গভীর হৃদয় গুহার অনন্দ স্নেহধারা কী?
ক বাংলার নদী খ ঝর্ণা
গ সমুদ্র ঘ মহাসমুদ্র

৫. নিরূপায় হয়ে আলী কোজাই কোথায় নালিশ করল?
ক কাজির দরবারে খ ফৌজদারি আদালতে
গ খলিফার দরবারে ঘ দেওয়ানি আদালতে

৬. রাজপ্রাসাদে টম ক্যান্টি ভীত হয়ে পড়ল—
i. আত্মপরিচয় প্রকাশ হওয়ার ভয়ে
ii. রাজকীয় জীবনযাপনে অনভ্যস্ত থাকায়
iii. মৃত্যুদণ্ডের আশঙ্কায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭ 'সোহরাব রোস্তম' গল্পটি কার লেখা থেকে রূপান্তর করা হয়েছে?
ক মমতাজউদদীন আহমদ খ শেখ সাদী
গ আবুল কাসেম ফেরদৌস ঘ মির্জা গালীব

৮. সামুদ্রিক ঝড়ের কবলে পড়ার পর রবিনের যা হলো—
i. নৌকায় করে কূলে পৌছাল
ii. ভেসে উঠল
iii. সাঁতার কেটে কূলে পৌছাল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯. "আপনে ঠিকই বলেছেন উকিল সাহেব।"— এই উকিল সাহেব প্রকৃত পক্ষে—
ক নেরিসা খ বাসানিও
গ পোর্শিয়া ঘ লরেঞ্জো

১০. 'প্রতিটি ক্ষেত্রেই মানুষ তার নিত্যনতুন অবদান রেখে চলেছে।'— বাক্যটি কোন রচনার অন্তর্গত?
ক শিল্পকলার নানা দিক খ সুখী মানুষ
গ পড়ে পাওয়া ঘ মংডুর পথে

১১. মিয়ানমারের মেয়েদের চুলে সৌন্দর্যের যে প্রতীক লেখকের নজর কেড়েছে—
i. ফুল গোঁজা সুন্দর চুল
ii. রিবন ফিতের বন্ধনময় রূপ
iii. চিরুনির আঁচড়ে শিল্প সৌন্দর্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১২. আলাওলের শ্রেষ্ঠ রচনার নাম কী?
ক মেঘদূত খ পদ্মাবতী
গ বেহুলা-লখিন্দর ঘ ইউসুফ-জুলেখা

১৩. 'বৃক্ষের বক্ষের বহ্নিজ্বালা'— এই লাইনের মর্মার্থ কী?
ক বৃক্ষ জ্বলে পুড়ে ছাই হচ্ছে
খ বৃক্ষের হৃদয় ফেটে আগুন বেরুচ্ছে
গ বৃক্ষের সমারোহে ভরে উঠুক পৃথিবী
ঘ বৃক্ষ নিধন বৃদ্ধি পাক

১৪. 'বাংলা নববর্ষ' প্রবন্ধে তাদের স্বরূপ ফুটে উঠেছে, যারা—
i. বাঙালি সংস্কৃতিতে শ্রদ্ধাশীল
ii. পয়লা বৈশাখের চেতনায় বিশ্বাসী
iii. পাকিস্তানি আদর্শের ধারক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. ভারতীয় আর্যভাষার প্রাচীন ভাষাগুলোকে বলা হতো—
ক প্রাচীন ভারতীয় সংস্কৃত ভাষা
খ প্রাচীন ভারতীয় আর্যভাষা
গ প্রাচীন ভারতীয় প্রাকৃত ভাষা
ঘ প্রাচীন ভারতীয় কথ্য ভাষা

১৬. কাবা শরিফ কোথায় অবস্থিত?
ক বাগদাদে খ মদিনায়
গ কায়রোতে ঘ মক্কায়

১৭. দেশ জননী কবিকে মনে রাখলে তিনি কীসে ভয় পান না?
ক প্রবাসে খ শমনে
গ স্মরণে ঘ মানসে

১৮. উপেনকে কে ধরে নিয়ে গেল?
ক পেয়াদা খ মালি
গ ভূস্বামী ঘ পাহারাদার

১৯. কবিহৃদয়ে বুদবুদের মতো ওঠা চিন্তা কোথায় মিশে যায়?
ক নয়নের জলে খ মিলিত দলে
গ হৃদয়ের তলে ঘ উপেক্ষার ছলে

২০. 'নারী' কবিতায় নজরুল কার সমকক্ষ হিসেবে নারীকে তুলনা করেছেন?
ক মায়ের খ নরের গ শিশুর ঘ দেবীর

২১. 'আবার আসিব ফিরে' কবিতায় কবির যে বৈশিষ্ট্য আমাদের দৃষ্টি কাড়ে—
i. জীবন ও প্রকৃতির প্রতি মমত্ব
ii. স্বদেশের প্রতি অগাধ ভালোবাসা
iii. বিশুদ্ধ জীবনবোধ ও দার্শনিকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২. প্রতিদিন ভোরে অন্ধকার শেষ হওয়ার পর পর লেখকের কী শোনার অভ্যাস হয়ে যায়?
ক ভজন গান খ পাখির ডাক
গ গজল গান ঘ কুকুরের ডাক

২৩. আলী কোজাই কত দিন পর ফিরে আসে?
ক এক বছর খ দুই বছর
গ তিন বছর ঘ চার বছর

নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
প্রমি হ্যান্স অ্যান্ডারসনের রূপকথা পড়ছিল। সেখানে সে এক বালিকার গল্প পড়ল যে দেশলাই বিক্রি করত। সে বড়দিনে ঠাণ্ডায় জমে মারা যায়। প্রমি প্রায় কেঁদে ফেলল। প্রমির মা বলল, আমাদের দেশেও এমন অনেক মানুষ আছে যারা ঠাণ্ডায় কষ্ট পাচ্ছে। তাদের কষ্ট দূর করতে আমাদের সচেষ্ট হওয়া উচিত।

২৪. রূপকথার বালিকা 'প্রার্থী' কবিতার কার সদৃশ?
ক সূর্যের
খ কবির
গ রাস্তার বস্ত্রহীন ছেলেটির
ঘ শোষিত মানুষের

২৫. উদ্দীপকের সাথে 'প্রার্থী' কবিতার মিল হলো—
i. শীতার্ত মানুষের
ii. গরিব মানুষের
iii. স্থান-কালের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. কখন পাখোম স্ত্রী-পুত্র নিয়ে নতুন দেশে পাড়ি জমায়?
ক গ্রীষ্মের শুরুতে খ বর্ষার শুরুতে
গ শীতের শুরুতে ঘ বসন্তের শুরুতে

২৭. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পটি কার লেখা?
ক উইলিয়াম শেক্সপিয়ার খ ওয়াশিংটন আরভিং
গ মার্ক টোয়েন ঘ লেভ তলস্তয়

২৮. 'স্বাধীনতা আমার স্বাধীনতা' কোন ধরনের রচনা?
ক প্রবন্ধ খ উপন্যাস
গ ছোটগল্প ঘ নাটক

২৯. নকশিকাঁথার বৈশিষ্ট্য—
i. সূক্ষ্ম সেলাই
ii. রং-বেরঙের নকশা
iii. তুলা দিয়ে সুতা কাটা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. "লোভে পাপ, পাপে মৃত্যু।" বাক্যটি কোন রচনার অন্তর্গত?
ক পড়ে পাওয়া খ বাঙালির বাংলা
গ সুখী মানুষ ঘ মংডুর পথে

নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও:
প্রকৃতির অপার ঐশ্বর্যময়ী দেশ আমাদের বাংলাদেশ। এদেশের মাঠে-ঘাটে পথে-প্রান্তরে। দৃষ্টি ছড়ালেই মন জুড়িয়ে যায়। নদ-নদী ও ফুল-ফলের সম্ভারে ভরপুর প্রকৃতি।

৩১. উক্ত কবিতার কোন ভাবটি উদ্দীপকে ফুটে উঠেছে?
ক স্বদেশপ্রেম খ প্রকৃতির সৌন্দর্য
গ ভাষাপ্রীতি ঘ দেশের সম্পদ

৩২. উদ্দীপকের ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ 'দেশ' কবিতার চরণ—
i. নিবিড় ছায়ায় আঁধার করা পাতার পারাবার
ii. ফুলের ফলের সুবাস ভরা এ কোন পরির দেশ?
iii. সাত-সাগরের পণ্য চলে সওদাগরের নায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৩. 'কোকনদে' শব্দের অর্থ কী?
ক লাল পদ্ম খ নীলপদ্ম
গ শ্বেতপদ্ম ঘ জলপদ্ম

৩৪. কত সাল থেকে নববর্ষে বলী খেলার প্রচলন হয়?)
ক ১৯০৪ সাল খ ১৯০৫ সাল
গ ১৯০৬ সাল ঘ ১৯০৭ সাল

৩৫. কে হেসে চুমো খেয়েছিল?
ক দিনের সূর্য খ রাত জাগা চাঁদ
গ মা ছেলেকে ঘ সন্তান মাকে

৩৬. 'দেশ' কবিতা অনুসারে সবুজ দোলায়মান শস্যে পয়না পরায় কিংবা জল ছিটায়—
i. প্রজাপতির ঝাঁক
ii. কালো কালো কাক
iii. সাদা সাদা বক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. 'নদীর স্বপ্ন' কবিতাটিতে মোট কতটি রঙের উল্লেখ রয়েছে?
ক পাঁচটি খ ছয়টি গ সাতটি ঘ আটটি

৩৮. 'আরণ্যক' কোন জাতীয় রচনা?
ক প্রবন্ধ খ গল্পগ্রন্থ
গ উপন্যাস ঘ নাটক

নিচের উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সাগর মাঝে মাঝে রাতে ভয়ে জেগে ওঠে। তার মনে হয় কোনো ভূত তাকে তাড়া করছে। বিষয়টি সে কাউকে খুলে বলছে না। কিন্তু দিন দিন তার ভয় বাড়ছে এবং স্বাস্থ্যও খারাপ হয়ে যাচ্ছে।

৩৯. সাগরের ভয় পাওয়ার কারণ—
i. ভূতে তাড়া করা
ii. মানসিক অবস্থা
iii. অন্য কোন ভয় মনে পোষা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪০. এ অবস্থায় উত্তরণে সাগর যা করতে পারে?
ক ভয় না পাওয়া
খ রাতে জেগে থাকা
গ কাউকে না বলা
ঘ দায়িত্বশীল কারোর সাহায্য নেওয়া

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক |
| ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |
| ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com